

2 0 1 9

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) আহমদ আলির বলা “আয় মাদর, শাহজাদা ইমরোজ্”
—রবীন্দ্রনাথের কোন্ কবিতার অনুবাদ?
- (খ) পেশাওয়ারে তাশখন্দের সদাগরেরা কী নিয়ে এসেছিল?
- (গ) ‘ফিয়াঁসে’ শব্দের অর্থ কী?
- (ঘ) “এরকম বলসে যাওয়া দেশ আর কখনো দেখিনি।”
কোন্ দেশের কথা বলা হয়েছে?
- (ঙ) আরবিতে প্রবাদ আছে—“অল অজলু মিনা শয়তান।”
প্রবাদটির অর্থ কী?
- (চ) পেশাওয়ার ও খাইবার গিরিসঙ্কটের মাঝখানে কোন্ দুর্গ
রয়েছে?
- (ছ) ‘উচ্ছন্ন-উৎসন্ন’ শব্দ দুটির মধ্যে কোনটি শুদ্ধ?

(জ) পদ পরিবর্তন করো (যে কোনো একটি) :

হর্ষ ; হিংসা ।

(ঝ) বানান সংশোধন করো (যে কোনো একটি) :

পরিত্যজ্য ; আয়ত্ব ।

(ঞ) শুদ্ধ রূপটি নির্ণয় করো :

নভতল, নভোতল ; নভোস্তল, নভস্তল ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) আফগানিস্তানের দুটি বড়ো শহরের নাম লেখো ।

(খ) “এই আধা-ইনসান পাঠান জাতকে কেউ যদি ধর্মের পথে নিয়ে যেতে পারে তবে সে ইসলাম ।” কার উক্তি? তাঁর এই উক্তির কারণ কী?

(গ) নিম্নলিখিত বানান-যুগলের মধ্যে কোন দুটি শুদ্ধ লেখো :
নিমিলিত-নিমীলিত ; মহোপকার-মহদুপকার ।

(ঘ) ‘আলাপ’ অথবা ‘পত্র’—যে কোনো একটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ লেখো ।

(ঙ) পদ পরিবর্তনের ফলে ‘গুরু’ পদটির দুটি পরিবর্তিত রূপের উল্লেখ করো ।

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) দক্কা দুর্গে লেখকের কেমন অভিজ্ঞতা হয়েছিল, সংক্ষেপে বর্ণনা করো ।

(খ) জালালাবাদ যাত্রার পথে লেখক যে সরাইখানায় আশ্রয় নিয়েছিলেন এবং তার সম্পর্কে তিনি যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো ।

(গ) ‘পানশির’ কীসের নাম? আবদুর রহমান লেখকের কাছে তার যে বর্ণনা দিয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো ।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) যে কোনো দুটি শব্দের ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : ২½×২=৫

দগু ; পদ ; বর ; পাশ ।

(খ) যে কোনো দুটি বাগ্‌বিধির অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : ২½×২=৫

গোড়ায় গলদ ; আক্কেল সেলামি ; তীর্থের কাক ;
গড্ডালিকা প্রবাহ ।

(গ) বাক্যগত অশুদ্ধি সংশোধন করো : ১×৫=৫

(১) রমেশ কমলেশবাবুর সন্তানদের মধ্যে কনিষ্ঠতম ।

(২) জগদীশচন্দ্র বসু এক নামকরা বৈজ্ঞানিক ।

(৩) উপরোক্ত কথাগুলো ভালো করে পড়বে আর মনে রাখবে ।

(৪) ইতিমধ্যে আগামী পরশু সে এসে হাজির হল ।

(৫) সে যে নিরাপরাধী, সে কথাই জানা গেল ।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) আফগানিস্তানের সাধারণ মানুষের জীবনযাত্রা সম্বন্ধে লেখক যে তথ্য সংগ্রহ করেছিলেন তা বিশ্লেষণ করো ।

- (খ) “‘দেশে-বিদেশে’ গ্রন্থটি ইতিহাস, সমাজতত্ত্বের টুকরো ছবিসহ এক অমূল্য ভ্রমণকাহিনি।” ‘দেশে-বিদেশে’ গ্রন্থটি অবলম্বনে উক্তিটির যথাার্থ্য বিচার করো।
- (গ) “দেখলুম, পাঠানের বাইরের দিকটা যতই রসকষহীন হোক না কেন, গল্প শোনাতে আর গল্প বলাতে তাদের উৎসাহের সীমা নেই।” লেখক কেন একথা বলেছেন, প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।
- (ঘ) “দুনিয়ার সব পরীক্ষা পাস করার চেয়ে বড়ো পরীক্ষা খাইবার পাস পাস করা।” এই উক্তির আলোকে লেখকের খাইবার পাস অতিক্রম করার বিচিত্র অভিজ্ঞতা বর্ণনা করো।

৬। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) পদ পরিবর্তন কাকে বলে? পদ পরিবর্তনে প্রত্যয়ের ভূমিকা কী? উদাহরণসহ পদ পরিবর্তনের বিভিন্ন সূত্রগুলি আলোচনা করো। ২+২+৬=১০
- (খ) অশুদ্ধি সংশোধনের ক্ষেত্রে বাংলা বানান-বিধির সূত্রগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৭। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০

- (ক) অসমের পর্যটন শিল্প
- (খ) দূরদর্শনের শিক্ষামূলক ভূমিকা
- (গ) জনসেবা ও ছাত্রসমাজ
- (ঘ) তোমার জীবনের একটি উল্লেখযোগ্য দিন

★ ★ ★